



বর্তমান সরকার ক্রমেই ব্যর্থতার দিকেই যাচ্ছে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

বর্তমান সরকার ধীরে ধীরে ব্যর্থতার দিকে এগোচ্ছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে আয়োজিত এক যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, এনসিপির নেতৃত্বে দেশের সাধারণ মানুষ তাদের অধিকার আদায়ে আবারও ঐক্যবদ্ধ হবে। একই সঙ্গে নতুনভাবে দলে যোগ দেওয়া সদস্যরাও জনগণের অধিকার রক্ষায় এই রাজনৈতিক প্ল্যাটফর্মে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিএনপির বহিষ্কৃত নেতা ও যুবদলের সাবেক কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ইসহাকসহ বিভিন্ন পেশার বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। এদিন শেরেবাংলা এ কে ফজলুল হকের নাতনি ফেরসামিন হক ইকবাল, রেলের দুর্নীতিবিরোধী আন্দোলনের মুখ ও অ্যাকটিভিস্ট মহিউদ্দিন রনি এবং কনটেন্ট ক্রিয়েটর নুরুজ্জামান কাফি আনুষ্ঠানিকভাবে এনসিপিতে যোগ দেন। পরে দলের শীর্ষ নেতারা ফুল দিয়ে তাদের স্বাগত জানান।

যোগদান পর্ব শেষে ইসহাক সরকার বলেন, সরকার যদি আবারও স্বৈরাচারী আচরণে ফিরে যায়, তাহলে রাজপথে নামা ছাড়া কোনো বিকল্প থাকবে না। তার দাবি, এনসিপির মাধ্যমে জনগণ নিরাপদ থাকবে এবং গণতান্ত্রিক অধিকার নিশ্চিত হবে।

অনুষ্ঠানে এনসিপির কেন্দ্রীয় ও ঢাকা মহানগরের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।